১৩

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...30 MAR 1997...
পৃঃ ৬ কলাম ৩

# ভর্তি সঙ্কট নয় ছাত্র সঙ্কট!

শরিফুজ্জামান পিন্টু

গ্র্যাজুয়েশন পর্যায়ে ভর্তি সঙ্কটের পরিবর্তে এ বছর ছাত্র সঙ্কট দেখা দেবে। অবিশ্বাস্য হলেও সত্য যে, শিক্ষার্থীদের অভাবে চলতি বছর খালি পড়ে থাকবে গ্র্যাজুয়েট লেভেলের প্রায় ৩০ হাজার আসন। অর্থাৎ আশির দশকের শেষভাগ থেকে ক্রমান্বয়ে ভর্তির যে সঙ্কট প্রবল থেকে প্রবলতর হচ্ছিল তার ঠিক উল্টো চিত্র বিরাজ করবে '৯৭ সালে।

এর কারণ খুবই স্পষ্ট। তা হচ্ছে '৯৬ সালে এইচএসসি পরীক্ষায় পাসের হার অবিশ্বাস্য রকম কম হওয়া। দেশের পাঁচটি বোর্ডে '৯৬ সালে এইচএসসি পাস করেছে মোট ১ লাখ ২৭ হাজার ৪শ' ৬৪ জন। আর শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে শিক্ষা, তথ্য ও পরিসংখ্যান ব্যুরোর হিসাব অনুযায়ী উচ্চমাধ্যমিক স্তর পার হবার পর গ্র্যাজুয়েট লেভেলের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে ধারণক্ষমতা অর্থাৎ আসনসংখ্যা প্রায় ১ লাখ ৫৭ হাজার। সুতরাং দেখা যাচ্ছে এ বছর গ্র্যাজুয়েট লেভেলের ৩০ হাজার আসন খালি পড়ে থাকবে।

আমাদের দেশে গ্র্যাজুয়েট পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান রয়েছে প্রায় ৯শ' ৫০টি। এর মধ্যে সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, বুয়েট ও বিআইটি'র সংখ্যা অর্ধশতাধিক। অনার্স কলেজের সংখ্যা ৩১। সরকারী ডিগ্রী কলেজ রয়েছে ৪শ' ৫৫টি। আর বেসরকারী ডিগ্রী কলেজের সংখ্যা প্রায় চারশ'। এসব শিক্ষাপ্রতিষ্ঠানে ব্যানবেইস থেকে সংগৃহীত তথ্য অনুযায়ী আসনসংখ্যা ১ লাখ ৫৭ হাজার। এর মধ্যে অর্ধশতাধিক সরকারী ও বেসরকারী বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, বুয়েট ও বিআইটিতে আসনসংখ্যা প্রায় ১৬ হাজার। অনার্স কলেজগুলোতে আসন রয়েছে প্রায় ২০ হাজার। প্রায় ৭০ হাজার আসন রয়েছে বেসরকারী ডিগ্রী কলেজে। আর সরকারী ডিগ্রী কলেজে আসনসংখ্যা প্রায় ৫১ হাজার।

এদিকে মেডিক্যাল, বুয়েট, বিশ্ববিদ্যালয়, বিআইটি ও অনার্স কলেজগুলোতে আসনসংখ্যা প্রায় ৩৬ হাজার হলেও গত বছর এইচএসসিতে প্রথম বিভাগ পেয়েছে ২৫ হাজার ৮শ' ৫৭ জন। যে কারণে দ্বিতীয় বিভাগপ্রাপ্ত শিক্ষার্থীরাও লিখিত পরীক্ষায় একটু ভাল করলে ভাল প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে।

একটু পিছন ফিরে তাকালে দেখা যায়, '৯৫ সালে সারা দেশে এইচএসসি পাস করেছিল ২ লাখ ১৭ হাজার ৫শ' ৪৬ শিক্ষার্থী। তখন সারা দেশে গ্র্যাজুয়েট লেভেলের শিক্ষাপ্রতিষ্ঠানে ধারণক্ষমতা ছিল ১ লাখ ৫৪ হাজার। যে কারণে ৬৩ হাজার ছাত্রছাত্রীর পড়াশোনার স্বাভাবিক সুযোগই ছিল না। মাত্র এক বছরের ব্যবধানে পাল্টে গেল সে চিত্র। তাই তো ভর্তি সঙ্কট নয়, এ বছর ছাত্র সঙ্কট নিয়ে যাত্রা শুরু হচ্ছে গ্র্যাজুয়েট লেভেলের।